# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**08-05-2026** **Time: 7.35 AM**

বিশেষ বিশেষ খবর -

১) রাজ্যে নতুন সরকার গঠনের তোড়জোড় চলছে জোর কদমে।

বিজেপি-র নব নির্বাচিত বিধায়কদের বৈঠকে যোগ দিতে আজ রাজ্যে আসছেন দলের বরিষ্ঠ নেতা অমিত শাহ্। মুখ্যমন্ত্রী কে হবেন তা চূড়ান্ত হয়ে যাবে আজই।

২) রাজ্যে সরকার গঠনের প্রস্তুতির মধ্যেই আনুষ্ঠানিকভাবে ভেঙে দেওয়া হয়েছে বিধানসভা।

৩) চলতি বছরের মাধ্যমিক পরীক্ষার ফল আজ প্রকাশিত হবে। আজই প্রকাশিত হবে হাই মাদ্রাসা, আলিম ও ফাজিলের রেজাল্ট।

৪) বিধানসভা নির্বাচনের ফলাফল ঘোষণার পর এরাজ্যে রেলের আটকে থাকা প্রকল্পগুলির কাজ দ্রুত শেষ হবে বলে পূর্ব রেল আশা প্রকাশ করেছে।

কলকাতা মেট্রোর ব্লু লাইনের আধুনিকীকরণে প্রায় ৬৭২ কোটি টাকা মঞ্জুর করেছে কেন্দ্রীয় সরকার।

৫) আই পি এল ক্রিকেটে আজ কলকাতা নাইট রাইডার্স দিল্লি ক্যাপিটালসের মুখোমুখি হবে।

oooooooooooooooooooo

রাজ্যের বিধানসভা নির্বাচন মিটতেই সরকার গঠনের তোড়জোড় শুরু হয়েছে। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী তথা অন্যতম বরিষ্ঠ বিজেপি নেতা অমিত শাহ্ আজ রাজ্যে আসছেন। বিশ্ব বাংলা কনভেনশন সেন্টারে দলের নির্বাচিত বিধায়কদের সঙ্গে বৈঠক করবেন তিনি। আজই চূড়ান্ত হয়ে যাবে রাজ্যের পরবর্তী মুখ্যমন্ত্রীর নাম। ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে আগামীকাল শপথ নেবেন নতুন সরকার। একটি প্রতিবেদন-

(ভয়েসকাস্ট – অভিরূপ)

এদিকে শপথগ্রহণ অনুষ্ঠানকে কেন্দ্র করে কড়া নিরাপত্তার বন্দোবস্ত করছে পুলিশ। প্রায় ৪ হাজার পুলিশ কর্মী ওই দিন মোতায়েন থাকবে। থাকবে কেন্দ্রীয় বাহিনী এবং কুইক রেসপন্স টিম । এলাকার বিভিন্ন বহুতল থেকেও নজরদারি চালানো হবে।

রাজ্যে সরকার গঠনের প্রস্তুতির মধ্যেই আনুষ্ঠানিক ভাবে ভেঙে দেওয়া হল পশ্চিমবঙ্গ বিধানসভা। সংবিধানের ১৭৪ অনুচ্ছেদের ক্ষমতাবলে পূর্ববর্তী বিধানসভা ভেঙে দেওয়ার নির্দেশ জারি করেছেন রাজ্যপাল আর এন রবি। এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, রাজ্যপালের নির্দেশ অনুযায়ী পশ্চিমবঙ্গ বিধানসভা বিলুপ্ত বলে গণ্য হবে।

oooooooooooooooooo

পশ্চিমবঙ্গে বিধানসভা নির্বাচনের প্রক্রিয়া শেষ হতেই রাজ্যে নিযুক্ত দুই বিশেষ পর্যবেক্ষককে দায়িত্বমুক্ত করল নির্বাচন কমিশন। কমিশনের তরফে জারি করা পৃথক নির্দেশিকায় জানানো হয়েছে, অবসরপ্রাপ্ত আইপিএস আধিকারিকও এন কে মিশ্র এবং অবসরপ্রাপ্ত আইএএস আধিকারিক সুব্রত গুপ্তকে তাঁদের দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া হয়েছে।

নির্বাচন কমিশনের আন্ডার সেক্রেটারি এম এল মীনার সই করা নির্দেশিকায় বলা হয়েছে, পশ্চিমবঙ্গে নির্বাচনী প্রক্রিয়া সম্পূর্ণ হওয়ায় বিশেষ পর্যবেক্ষকদের দায়িত্বের আর প্রয়োজন নেই। সেই কারণেই তাঁদের অব্যাহতি দেওয়া হচ্ছে।

কমিশনের নির্দেশিকা অনুযায়ী, এন কে মিশ্রকে চলতি বছরের ১৩ ফেব্রুয়ারি বিশেষ পুলিশ পর্যবেক্ষক হিসাবে নিয়োগ করা হয়েছিল। অন্যদিকে সুব্রত গুপ্তকে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী সংক্রান্ত পর্যবেক্ষক হিসাবে দায়িত্ব দেওয়া হয়েছিল গত বছরের ২৮ নভেম্বর।

০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে ক্ষমতার পালাবদলের পর মহাকরণ থেকে পরিচালিত হবে নতুন সরকার। সেই লক্ষে মহাকরণের নিরাপত্তা ব্যবস্থা ঢেলে সাজানোর কাজ চলেছে দ্রুত গতিতে। ইতমধ্যেই সেখানে আরও ৩-শো জন কর্মী নিয়োগের পরিকল্পনা করা হয়েছে। বর্তমানে এই ভবনটিতে ৬০টি ক্যামেরা থাকলেও নিরাপত্তার জন্য আরও ৮০-টি নতুন ক্যামেরা বসানোর সুপারিশ করা হয়েছে। মহাকরণের সংস্কারের কাজও চলেছে জোরকদমে।

০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে নতুন সরকার ক্ষমতায় আসায় রেলের নানা প্রকল্প দ্রুত শেষ হবে বলে মনে করছেন রেল কর্তৃপক্ষ থেকে শুরু করে সাধারণ মানুষ।

একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – কাশফিন)

০০০০০০০০০০০০০০০০০০

কলকাতা মেট্রোর নর্থ-সাউথ করিডোর বা ব্লু-লাইনের যাত্রী পরিবহণ ক্ষমতা বৃদ্ধিতে কেন্দ্রীয় সরকার ৬৭১ কোটি ৭২ লক্ষ টাকার একটি প্রকল্প মঞ্জুর করেছে। এই প্রকল্পের আওতায় মেট্রোর এই করিডোরে ২৯১ কোটি টাকা ব্যয়ে সাতটি নতুন ট্র্যাকশন সাব-স্টেশন তৈরি করা হবে। পাশাপাশি, এসপ্ল্যানেড থেকে কবি সুভাষ স্টেশন পর্যন্ত বর্তমান বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থার আধুনিকীকরণ এবং ১১ কেভি সিস্টেমকে ৩৩ কেভিতে উন্নীত করার জন্য ৩৮০ কোটি টাকার বেশি বরাদ্দ করা হয়েছে।

উল্লেখ্য, আশির দশকে তৈরি হওয়া কলকাতা মেট্রোর বর্তমান পরিকাঠামোয় প্রতি ৫ মিনিট অন্তর ট্রেন চালানোর ব্যবস্থা ছিল। কিন্তু যাত্রী সংখ্যা ক্রমাগত বাড়তে থাকায় ট্রেনের সংখ্যা ও গতি বাড়ানোর প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। এই নতুন প্রকল্প বাস্তবায়িত হলে ব্যস্ত সময়ে প্রতি ৫ মিনিটের পরিবর্তে মাত্র আড়াই মিনিট অন্তর ট্রেন চালানো সম্ভব হবে। এর ফলে মেট্রোর যাত্রী পরিবহণ ক্ষমতা দ্বিগুণ হবে।

oooooooooooooooooo

তৃণমূল কংগ্রেস নেত্রী মমতা ব্যানার্জির সঙ্গে দেখা করলেন সমাজবাদী পার্টির নেতা অখিলেশ যাদব। বৃহস্পতিবার কলকাতায় পৌঁছে কালীঘাটে নেত্রীর বাড়িতে যান অখিলেশ। দুজনের কিছুক্ষণ কথা হয়। উপস্থিত ছিলেন অভিষেক ব্যানার্জিও।

মমতা ব্যানার্জির সঙ্গে দেখা করে বেরিয়ে অভিষেক ব্যানার্জি, ডেরেক ওব্রায়েনদের পাশে নিয়ে অখিলেশ বলেন, নির্বাচনে নানা অনিয়ম হয়েছে। বিজেপির নির্দেশে নির্বাচন কমিশন বিভিন্ন স্তরে প্রাধান্য বিস্তার করেছে বলে মন্তব্য করেন তিনি। মমতা, অভিষেকের নিরাপত্তা তুলে নেওয়ার সমালোচনা করেন তিনি।

ooooooooooooooooo

চলতি বছরের মাধ্যমিক পরীক্ষার ফল আজ প্রকাশিত হবে । সকাল সাড়ে ন'টায় সাংবাদিক বৈঠক করে আনুষ্ঠানিকভাবে ফল ঘোষণা করবেন মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি রামানুজ গঙ্গোপাধ্যায়।

পর্ষদের তরফে জানানো হয়েছে, দশটা পনেরো থেকে ওয়েবসাইটে রেজাল্ট দেখতে পারবে পরীক্ষার্থীরা। যেসব ওয়েবসাইটে রেজাল্ট দেখা যাবে সেগুলি হল - www.wbbsedata.com, www.wbbse.wb.gov.in, www.iResults.in, www.indiaresults.com, www.resukts.sikhsha, results.exambangla.com ওয়েবসাইটগুলিতে। এছাড়াও গুগল প্লে স্টোর থেকে "আই রেজাল্টস", "মাধ্যমিক

রেজাল্ট" এবং "এডুটিপস অ্যাপ" ডাউনলোড করেও ফলাফল দেখতে পারবে ছাত্রছাত্রীরা।

উল্লেখ্য, এবার পরীক্ষা শেষ হওয়ার ৮৪ দিনের মাথায় প্রকাশিত হতে চলেছে মাধ্যমিকের ফল।

এবছর ২ ফেব্রুয়ারি থেকে ১২ ই ফেব্রুয়ারি পর্যন্ত মাধ্যমিক পরীক্ষা চলে। ৯ লক্ষ ৭১ হাজারের বেশি পড়ুয়া , এবার পরীক্ষা দিয়েছে।

ooooooooooooooooooo

মাধ্যমিকের সঙ্গে হাই মাদ্রাসা, আলিম ও ফাজিলের রেজাল্ট প্রকাশিত হবে আজ। দুপুর আড়াইটার পর থেকে বিভিন্ন মাদ্রাসার প্রতিনিধিরা জেলার ক্যাম্প অফিস থেকে মার্কশিট ও শংসাপত্র সংগ্রহ করতে পারবে। https://www.wbbme.org ওয়েবসাইটে হাই মাদ্রাসা, আলিম ও ফাজিলের ফল দেখা যাবে।

ooooooooooooooooooo

কলকাতা হাইকোর্টের প্রাক্তন বিচারপতি টি এস শিবজ্ঞানম এস আই আর-এর ট্রাইব্যুনাল থেকে সরে দাড়িয়েছেন। ব্যক্তিগত কারণেই এই সিদ্ধান্ত বলে তিনি হাইকোর্টের প্রধান বিচারপতিকে জানিয়েছেন।

উল্লেখ্য গত ৫-ই এপ্রিল থেকে ২৭-শে এপ্রিল পর্যন্ত ট্রাইব্যুনালের কাজ করেছেন প্রাক্তন প্রধান বিচারপতি শিব জ্ঞানম। মোট ১ হাজার ৭৭৭ জন ভোটারের আবেদনের নিষ্পত্তি করেছেন তিনি।

ooooooooooooooooooo

বিজেপি-র এরাজ্যে অন্যতম শীর্ষ নেতা শুভেন্দু অধিকারীর আপ্ত সহায়ক চন্দ্রনাথ রথের খুনের ঘটনায় ইতমধ্যেই জোরকদমে চলেছে তদন্তের কাজ। গতকাল এস টি

এফ, সি আই ডি, এবং আই বি-র অফিসারদের নিয়ে গঠিত হয়েছে বিশেষ তদন্তকারী দল এস আই টি। তারা এই ঘটনার তদন্ত করবে। উদ্ধার হওয়া গাড়ির নম্বর প্লেটের ভিত্তিতে খোঁজা হচ্ছে সেটির আসল মালিককে। যদিও এই নম্বর প্লেট ভুয়ো বলে মনে করছেন তদন্তকারীরা।

এদিকে, চন্দ্রনাথ রথের শেষকৃত্য গতকাল পূর্ব মেদিনীপুরের চন্ডীপুরে সম্পন্ন হয়েছে। উপস্থিত ছিলেন বিজেপি-র বিধায়করা। ছিলেন কাঁথির সাংসদ সৌমেন্দু অধিকারীও।

ভবানীপুরে জেতার কারণে চন্দ্রনাথকে প্রাণ দিতে হলো বলে শুভেন্দু অধিকারী মন্তব্য করেছেন।

oooooooooooooooooo

মুর্শিদাবাদের সালারে মজুত বোমা সরাতে গিয়ে বিস্ফোরণে এক যুবক গুরুতর জখম হয়েছে। ঘটনাস্থল থেকে দুটি কন্টেইনার ভর্তি বোমা উদ্ধার করেছে পুলিশ। সালারের ওসি বিশ্বজিৎ ঘোষাল জানিয়েছেন, রমজান শেখ নামের এক যুবক তার বাড়ির শৌচাগারের পেছন থেকে মজুত বোমা সরানোর সময় বিস্ফোরণে হলে তার দুটি হাত উড়ে যায়। বর্তমানে ওই ব্যক্তি মুর্শিদাবাদ মেডিকেল কলেজ ও হাসপাতালে ভর্তি। বোমাগুলি নিষ্ক্রিয় করার জন্য খবর দেওয়া হয়েছে বম্ব ডিসপোজাল স্কোয়াড কে। এলাকায় পুলিশ ও কেন্দ্রীয় বাহিনীর টহল চলছে।

oooooooooooooooooo

চিকিৎসার জন্য বেঙ্গালুরু যাওয়ার পথে অন্ধ্রপ্রদেশের তিরুপতিতে মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় হুগলীর খানাকুলের চার বাসিন্দার মৃত্যু হয়েছে। জানা গেছে, একটি অ্যাম্বুলেন্স করে উন্নত চিকিৎসার জন্য কয়েকজন রোগী ও তাদের পরিজন বেঙ্গালুরু যাচ্ছিলেন। তিরুপতি এলাকায় সেটি নিয়ন্ত্রণ হারিয়ে একটি লরিতে ধাক্কা দেয়। ঘটনাস্থলেই গীতা চক্রবর্তী, ব্রজো দোলই, জ্যোতিন দোলই এবং রীতেশ পন্ডিত নামে

ওই চারজনের মৃত্যু হয়। আহত ২ জনের চিকিৎসা চলেছে হাসপাতালে। গতকাল তাদের দেহগুলি এলাকায় ফিরিয়ে আনা হয়।

oooooooooooooooooo

অনুকূল পরিস্থিতি এবং বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেশি থাকায় আগামী রবিবার পর্যন্ত রাজ্যে বিক্ষিপ্তভাবে ঝড়বৃষ্টির পূর্বাভাষ রয়েছে । আজ বৃষ্টির পরিমাণ কিছুটা কমলেও আগামীকাল থেকে তা ফের বাড়বে বলে জানিয়েছে আলিপুর আবহাওয়া দফতর।

এদিকে, আজ কলকাতায় সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২০ দশমিক ২ ডিগ্রী সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে প্রায় ৭ ডিগ্রী কম।

oooooooooooooooooooo

আই পি এল ক্রিকেটে আজ কলকাতা নাইট রাইডার্স, দিল্লি ক্যাপিটালস-এর বিরুদ্ধে খেলবে । দিল্লির অরুণ জেটলি স্টেডিয়ামে খেলা শুরু হবে সন্ধে সাড়ে সাতটায়। কেকেআর ৯ ম্যাচে ৭ পয়েন্ট সংগ্রহ করে পয়েন্ট তালিকায় অষ্টম স্থানে রয়েছে।

ooooooooooooooooo

oooooooooooooooooo